# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

(১) বি পি এফ দলের বিধায়ক চরণ বড়ো'র রাজ্যের নতুন মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ/

(২) আজ বরাক উপত্যকায় গাড়ৈ সংক্রান্তি এবং ব্রহ্মপুত্র উপত্যকায় কাতিবিহু চিরাচরিত আচার অনুষ্ঠানের মাধ্যমে পালিত/

(৩) আসন্ন কালীপুজো ও দীপাবলী উপলক্ষে বরাক উপত্যকার তিন জেলায় প্রস্তুতি জোরকদমে/

এবং

(৪) আমিনগাঁওয়ে অনুষ্ঠিত বিশ্ব জুনিয়র ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপের মেয়েদের সিঙ্গল্স'এ ভারতের তনভি শর্মার ফাইনালে প্রবেশ/

---------------------------------------------------------------------------------

একজন নতুন মন্ত্রীকে অর্ন্তভুক্ত করে আজ ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন আসাম মন্ত্রীসভার সম্প্রসারণ করা হয়েছে । আজ বেলা ১১টায় গৌহাটি রাজভবণে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য বি পি এফ দলের চরণ বড়োকে কেবিনেট মন্ত্রী হিসেবে শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহণ অনুষ্ঠানের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে এন ডি এ বিকশিত আসাম গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ । বড়োভূমির শান্তি , প্রগতি এবং সমাজের সব শ্রেণীর সমন্বয়ের জন্য সবাই একজোট হয়ে চেষ্টা অব্যাহত রেখবেন বলে তিনি মন্তব্য করেন । এর জন্য খুব শীঘ্রই বি টি সি পরিষদদের সঙ্গে রাজ্য সরকারের এক বৈঠক অনুষ্ঠিত হবে বলেও মুখ্যমন্ত্রী জানান । উল্লেখ্য যে হাগ্রামা মহিলারী নেতৃত্বাধীন বি পি এফ দল সদ্যসমাপ্ত বি টি সি নির্বাচনে অভূতপূর্ব সাফল্য লাভ করার পর বি পি এফ দলের ক্ষমতাশীন

এন ডি এ মোর্চায় যোগ দেওয়া সম্পর্কে প্রচুর সম্ভাবনা সৃষ্টি হয়েছিল । পরবর্তী রাজ্য বিধানসভা নির্বাচনের ৬ মাসের কম সময় বাকা থাকা আবস্থায় আসাম মন্ত্রীসভার আজকের সম্প্রসারণ রাজনৈতিকদিক থেকে বিশেষ তাৎপর্যপূর্ণ বলে বিবেচিত হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

আজ আশ্বিন মাসের সংক্রান্তি দিনে সমগ্র বরাক উপত্যকায় আশ্বিন সংক্রান্তি বা গাঢ়ে সংক্রান্তি চিরাচরিত আচার অনুষ্ঠানের মাধ্যমে পালন করা হচ্ছে । আশ্বিন মাসের শেষদিনে কৃষিক্ষেতে পোকার উপদ্রব থেকে শস্য রক্ষা করতে আকাশ প্রদীপ জ্বালিয়ে এবং চালতা পাতার টগা গাছের গোড়ায় দিয়ে শস্য শ্যামল কৃষিক্ষেত্রের প্রত্যাশায় কৃষিজীবি জনসাধারণ এই উৎসব করে থাকেন । এছাড়া আট রকমের সব্জি দিয়ে আট আনাজ রান্না করে গৃহদেবতাকে উৎসর্গ করা হয় । মূলতঃ, ছেলেমেয়েদের সবরকমের আনাজ-পাতি খাওয়ার প্রতি আকর্ষিত করতে উৎসবের মোড়কে এই নিয়ম চালু করা হয়েছে ।

এদিকে ব্রহ্মপুত্র উপত্যকায় আজকের দিনটিকে কাতি বিহু হিসেবে পালন করা হচ্ছে । কাতি বিহুতে পরম্পরাগত রীতিনীতি মেনে বাড়ির উঠোনে তুলসী গাছ রোপণ করে তাতে প্রদীপ জ্বালানো হয় । এছাড়াও মাঠ-ঘাট ক্ষেত-প্রাঙ্গণ সর্বত্র আকাশ প্রদীপ জ্বালানো হয় ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা কাতি বিহু উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় মুখ্যমন্ত্রী তুলসীতলার প্রদীপ সকলের জন্য সুখ-সম্বৃদ্ধি বয়ে আনার পাশাপাশি কৃষকের আশার ধানক্ষেত সোনার ফসলে উপচে পড়ে ঘরে ঘরে লক্ষ্মীর বসতি হওয়ার কামনা করেছেন । এদিকে কৃষি বিভাগের উদ্যোগে রাজ্যের প্রতিটি কৃষি মহকুমায় কাতি বিহু উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । আজ এই বিভাগের উদ্যোগে প্রগতিশীল কৃষকদের সংবর্ধনা, আকাশ প্রদীপ জ্বালানো, সচেতনতা সভা এবং বিভাগীয় প্রকল্প সমূহ সম্পর্কে আলোচনা, কৃষি সামগ্রী ও কৃষির যন্ত্রপাতি ইত্যাদি বিতরণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বাক্সা জেলার নিকাশির হিংসাত্মক ঘটনার সঙ্গে জড়িত আরো পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে । এই পাঁচজনকে নিয়ে এপর্যন্ত ন’জনকে গ্রেপ্তার করা হয়েছে । বাক্সা জেলার পুলিশ সুপার এই বিষয়ে সংবাদ মাধ্যমকে জানিয়েছেন যে- জুবিন গর্গের অনুরাগী বলে সুযোগ নিয়ে যে দুষ্টচক্রটি হিংসাত্মক ঘটনা সংঘটিত করেছিল, তাদের সবাইকে সনাক্ত

করা হয়েছে । এবং খুব শীঘ্রই বাকি লকেদেরকেও গ্রেপ্তার করা হবে । এই ক্ষেত্রে স্থানীয় লোকজন পুলিশকে সহায়তা করেছে বলে তিনি জানান । গ্রেপ্তার করা ব্যক্তিদের মধ্যে পূর্বের দাগী অপরাধীও রয়েছে বলে বাক্সা জেলার পুলিশ সুপার প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

মহিলা ও শিশু সহ গতকাল পুনরায় কালাইন থেকে ১৮ জন রোহিঙ্গা নাগরিককে গ্রেপ্তার করা হয়েছে । স্থানীয় লোকেরা গতকাল তাদের আটক করে পুলিশের হাতে সমঝে দিয়েছেন । পুলিশের জিজ্ঞাসাবাদে তারা স্বীকার করেছেন যে তারা মিয়ানমারের বাসিন্দা এবং অবৈধভাবে দীর্ঘদিন থেকে ভারতে বসবাস করছেন । হায়দ্রাবাদ থেকে লিংকম্যানের মাধ্যমে তারা কালাইন হয়ে বাংলাদেশে যাওয়ার উদ্দেশ্যে রওয়ানে হয়েছিলেন বলেও তারা স্বীকার করেছে । এ সম্পর্কে পুলিশের তদন্ত অব্যাহত রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন দীপাবলী ও কালীপুজো উপলক্ষে সমগ্র বরাক উপত্যকায় উৎসবের প্রস্তুতি জোরকদমে এগিয়ে চলেছে । উপত্যকার তিন জেলার গ্রাম-শহরে মাতৃ আরাধনার প্রস্তুতি শুরু হয়ে গেছে । মন্ডপ সজ্জা, আলোক সজ্জা, থিমের পুজো ইত্যাদিকে কেন্দ্র করে শহর এলাকায় এখন থেকেই উৎসবের আমেজ শুরু হয়ে গেছে ।

শিলচর শহরে বিভিন্ন স্থানে আলোকসজ্জা করা হয়ে গেছে । শহরের প্রাচীন পুজো- শিলচর শ্মশান ঘাটের কালীপুজো উপলক্ষে শ্মশান ও সংলগ্ন এলাকাকে এখন থেকেই আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে । এদিকে শহরের বেশকয়েকটি বিগ বাজেটের পুজো কমিটি কালীপুজোর জন্য থিমভিত্তিক মন্ডপ ও প্রতিমার প্রস্তুতি নিচ্ছে । শিলচরের বিলপার মন্দির দিঘির পাড়ে রাধামাধব নগর কালীপুজো কমিটির এবারের পুজোর থিম হচ্ছে- মহাকুম্ভ । পুকুরপাড় ঘেঁষে মূল ফটকের পাশে তৈরি হচ্ছে বিশাল মিনি মহাকুম্ভের কাঠামো । সেখানে সাধুর বেশে থাকছেন জীবন্ত মানুষ। এছাড়া রাস্তার ধারে তৈরি হচ্ছে এক গুহা । যেখানে দাঁড়িয়ে ‘খুল যা সিম সিম’ বললেই দরজা খুলে যাবে । এই গুহার ভেতরে চলবে ‘চামুন্ডা উপাখ্যান’ নামের নৃত্যনাট্য । এখানে আগামী সোমবার থেকে আগামী বুধবার পর্যন্ত টানা তিনদিন পুজো থাকবে বলে কমিটির কর্মকর্তারা জানিয়েছেন ।

এদিকে শিলচর মালুগ্রামের দ্য অ্যাপোসল্স ক্লাবের এবারের কালী পুজোর থিম হচ্ছে- ‘বর্ণমালা’ । একাদশ শহিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে তারা এবারে মাতৃভাষা বাংলার বর্ণমালাকে থিম হিসেবে তুলে ধরতে চাইছে । ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ‘বর্ণ পরিচয়’ বইয়ের আদলে মন্ডপ জুড়ে থাকবে বাংলা বর্ণমালা । এই পুজোকমিটির পক্ষ থেকে

আরো জানানো হয়েছে যে- নতুন প্রজন্মের সামনে আশির দশকের হারিয়ে যাওয়া নিত্যপ্রয়োজনীয় সামগ্রী- যেমন- ডায়াল ফোন, টর্চলাইট, হারিকেন, শাটার ওয়ালা টেলিভিশন সেট, টেপ রেকর্ডার, রেডিও ইত্যাদি প্রদর্শন করা হবে। এছাড়া পরিবেশ বান্ধব মণ্ডপসজ্জার অঙ্গ হিসেবে চট দিয়ে মন্ডপ তৈরি করা হবে । আলোকসজ্জায় অযোধ্যার রামমন্দিরের প্রতিচ্ছবি তুলে ধরা হবে । তারাও তিনদিন ধরে তাদের পুজো রাখবেন বলে জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলায়ও কালীপুজো এবং দীপাবলী উপলক্ষে প্রস্তুতি আরম্ভ হয়েছে । জেলার ঐতিহ্যবাহী আদিকালীবাড়ি'র পুজো ৩১৮ বছর ধরে শাস্ত্রীয় নিয়ম মেনে করা হচ্ছে । পুজো উপলক্ষে এই মন্দিরে মন্ডপ সজ্জা, আলোকসজ্জা, নিরাপত্তা ব্যবস্থা এবং দর্শনার্থীদের সুবিধার্থে বিশেষ প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে । এছাড়াও জেলার বিভিন্ন স্থানে কালীপুজোর প্রস্তুতি জোরকদমে এগিয়ে চলেছে ।

--------------------------------------------------------------------------------

কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের পূর্ব প্রান্তের অগরাতলি বনাঞ্চল আজ পর্যটকদের জন্য খুলে দেওয়া হয়েছে । এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের বন ও পরিবেশ বিভাগের মন্ত্রী অতুল বরা সহ কাজিরাঙ্গা লোকসভা আসনের সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা উপস্থিত ছিলেন । ওই বনাঞ্চলে শুধুমাত্র জীপ সাফারির ব্যবস্থা থাকবে বলে বন বিভাগের সূত্রে জানানো হয়েছে । আজ কাজিরাঙ্গার এই অগরাতলি বনাঞ্চল খুলে দেওয়ার পরই দেশের বিভিন্ন প্রান্তের পর্যটক ছাড়াও বেশ কয়েকজন জার্মান পর্যটক ওই অঞ্চল সফর করেন ।

--------------------------------------------------------------------------------

আমিনগাঁওয়ে চলতি বি ডব্ল্যু এফ বিশ্ব জুনিয়র ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপের আজ ত্রয়োদশ দিনে মেয়েদের সিঙ্গল্‌স'এ ভারতের তনভি শর্মা ফাইনালে প্রবেশ করেছে । আজ অনুষ্ঠিত দ্বিতীয় সেমিফাইনালে তনভি চিনের লিউ সি ইয়া'কে ১৫-১১, ১৫-৯ পয়েন্টের ব্যবধানে পরাজিত করেছে । বিশ্ব জুনিয়র ব্যাডমিন্টন প্রতিযোগিতার ফাইনালে প্রবেশ করা তনভি শর্মা হচ্ছে পঞ্চম ভারতীয় শাটলার । এর আগে ভারতের অপর্ণা পোপাত- ১৯৯৬ সালে, সাইনা নেহওয়াল- ২০০৬ এবং ২০০৮ সালে, সিরিল বার্মা- ২০১৫ সালে এবং ২০২২ সালে- শঙ্কর মুথুস্বামী বিশ্ব জুনিয়র ব্যাডমিন্টনের ফাইনালে প্রবেশ করেছিল । ১৬ বছর বয়সের তনভি শর্মা আগামীকাল ফাইনালে থাইল্যান্ডের শাটলারের মুখোমুখি হবে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা বি জে পি কার্যালয়ে আজ আত্মনির্ভর ভারত সংকল্প অভিযান এবং জি এস টি দ্বিতীয় পর্যায়ের সংস্কার শীর্ষক একটি বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয় । শ্রীভূমি জেলা বি জে পি সভাপতি সঞ্জীব বনিকের পৌরহিত্যে অনুষ্ঠিত এই কর্মশালায় সাংসদ শ্রী কনাদ পুরকায়েস্থ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । শ্রী পুরকায়েস্থ বলেন যে জি এস টি সংস্কারের সুফল সাধারণ মানুষের কাছে পৌছতে শুরু করেছে । তিনি বলেন যে এই সংস্কারের ফলে ব্যবসা-বাণিজ্যে স্বচ্ছতা বৃদ্ধি পাওয়া সহ বাজারে চাহিদা এবং বিক্রি উভয় ক্ষেত্রেই পরিবর্তন এসেছে ।

-----------------------------------------------------------------------------------

বরাক ডেভেলাপমেন্ট পরিষদ ( বি ডি পি )-র কেন্দ্রীয় কমিটির এক প্রতিনিধি দল আজ রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার কাছে বিভিন্ন দাবী সম্বলিত একটি স্মারকপত্র প্রদান করেছে । দাবীগুলির মধ্যে রয়েছে হাইলাকান্দি আলগাপুর তিমাথা থেকে উত্তর নারাইনপুর পর্যন্ত সড়কের অবিলম্বে সংস্কার , আলগাপুর মডেল হাসপাতালকে পূর্ণাঙ্গ হাসপাতাল হিসেবে স্বীকৃতি প্রদান করে চিকিৎসক বৃদ্ধি করা সহ প্রাক্তন মন্ত্রী প্রয়াত শহিদুল আলম চৌধুরীর নামে ওই হাসপাতালের নামকরণ করা , পাঁচগ্রাম থেকে বালিকান্দি পর্যন্ত বেহাল সড়ক অবিলম্বে সংস্কার করা ইত্যাদি । প্রতিনিধি দলে অন্যানদের মধ্যে উপস্থিত ছিলেন বি ডি পির সম্পাদক মানিক আহমেদ বড়ভূইয়া , পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি হিফজুর রহমান লস্কর , উপদেষ্টা খসরু আহমেদ চৌধুরী প্রমুখ ।

-----------------------------------------------------------------------------------